# Times Today BD

মো. তাহসিন হাসান | দেশজুড়ে | 11 July, 2025

কক্সবাজারের চকরিয়া উপজেলায় পরিবেশ বিধ্বংসী হিসেবে চিহ্নিত আকাশমণি ও ইউক্যালিপটাস গাছের চারা ধ্বংসে অভিযান পরিচালনা করেছে উপজেলা প্রশাসন ও কৃষি বিভাগ। সরকারের নিষিদ্ধ ঘোষিত এসব গাছের চারা ধ্বংস কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোহাম্মদ আতিকুর রহমান।

গতকাল বৃহস্পতিবার (১০ জুলাই) দুপুরে উপজেলার বিএমচর ইউনিয়নের পুচ্ছালিয়া পাড়া এলাকায় একটি নার্সারিতে বিপুল পরিমাণ এসব চারা ধ্বংস করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রূপায়ন দেব, উপজেলা কৃষি কর্মকর্তা ফেরদৌসী জাহান, ফাসিয়াখালী রেঞ্জের বনরেঞ্জ কর্মকর্তা মো. মেহেরাজ উদ্দিন, কৃষি বিভাগের উপ-সহকারী কৃষি কর্মকর্তা (উদ্ভিদ সংরক্ষণ) মো. মহিউদ্দিন সহ বিভিন্ন বিভাগীয় কর্মকর্তা।

উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আতিকুর রহমান বলেন, “সরকার ইতোমধ্যেই আকাশমণি ও ইউক্যালিপটাস গাছ পরিবেশের জন্য ক্ষতিকর বলে ঘোষণা দিয়েছে। চকরিয়ায় এসব গাছের চারা উৎপাদন ও রোপণ বন্ধে নিয়মিত অভিযান চালানো হবে। পরিবেশ রক্ষায় জনসচেতনতা তৈরি করাও জরুরি।”

প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়, এই ধরনের উদ্যোগ অব্যাহত থাকবে এবং যেসব নার্সারিতে পরিবেশ বিধ্বংসী চারা পাওয়া যাবে, তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

কক্সবাজার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 19:02

URL: https://timestodaybd.com/public/across-the-country/4555775807